

শিক্ষার্থীদের স্বার্থে ক্লাসে যোগ দিন : প্রধানমন্ত্রী বুয়েট শিক্ষকরা ধর্মঘট প্রত্যাহারে সম্মত

□ ইনকিলাব ডেস্ক

বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) শিক্ষক সমিতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে এক বৈঠকে নীতিগতভাবে তাদের অনির্দিষ্টকালের কর্মবিরতি প্রত্যাহার এবং শিক্ষা কর্মকাণ্ড পুনরায় শুরু করতে সম্মত হয়েছে। গতকাল সন্ধ্যায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে বুয়েট শিক্ষকদের ১২ সদস্যের একটি প্রতিনিধি দলের সঙ্গে শেখ হাসিনার প্রায় দুই ঘণ্টা বৈঠকের পর শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী এ কথা জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের সবচেয়ে মর্যাদাসম্পন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের চলমান অচল অবস্থা অবসানে আলোচনার জন্য শিক্ষক সমিতির নেতৃত্বকে গণভবনে আমন্ত্রণ জানান। প্রধানমন্ত্রী শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এম মজিবুর রহমান এবং সাধারণ

সম্পাদক অধ্যাপক এম আশরাফুল ইসলামের নেতৃত্বে সমিতির নেতৃত্বের উত্থাপিত দাবিসমূহ বৈধ সহকারে পোনেন। শিক্ষা সচিব বলেন, সমিতির নেতৃত্ব তাদের বিক্ষোভ কর্মসূচি প্রত্যাহার করতে নীতিগতভাবে সম্মত হন এবং এ ব্যাপারে সিদ্ধান্ত নিতে সমিতির নেতৃত্ব আজ বৈঠকে বসবেন। ড. নাসের বলেন, বৈঠকে প্রধানমন্ত্রী জানিয়েছেন, বুয়েট সিন্ডিকেট গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী বিভিন্ন প্রশাসনিক অনিয়ম দূরীকরণে ব্যবস্থা নেয়া হবে। প্রধানমন্ত্রী ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের স্বার্থে ক্লাসে যোগ দেয়ার জন্য শিক্ষকদের প্রতি অনুরোধ জানান। তিনি বলেন, বর্তমান সরকার শিক্ষার মানোন্নয়ন এবং ক্যাম্পাসে শিক্ষার উপযুক্ত পরিবেশ বজায় রাখতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠককে 'ফলপ্রসূ' হিসেবে উল্লেখ করে অধ্যাপক মজিবুর রহমান ৩১১২ ক ১৫

বুয়েট শিক্ষকরা ধর্মঘট

প্রথম পৃষ্ঠার পর

বলেন, তিনি আমাদের দাবির কথা ভেবেছেন। মজিবুর রহমান বলেন, আমরা সন্তুষ্ট এবং প্রধানমন্ত্রীর আশ্বাসের প্রতি বুয়েট শিক্ষকদের বিশ্বাস রয়েছে। ধর্মঘট প্রত্যাহারের বিষয়ে শিক্ষক সমিতির নির্বাহী কমিটি হুড়োবাজি নেবে। বৈঠকে অন্যান্যের মধ্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, এলজিআরডি ও সবায় মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম, প্রধানমন্ত্রীর উপদেষ্টা এইচটি ইয়াম এবং ড. মপিউর রহমান উপস্থিত ছিলেন।